

তারিখ: .....  
পৃষ্ঠা: ..... কলাম: .....

## ছাত্রদলে কোন সন্ত্রাসীর স্থান নেই

বালোদা জিয়া  
বিশ্ববিদ্যালয় রিপোর্টার / II প্রধানমন্ত্রী  
বেগম খালেদা জিয়া বলেছেন, শি্ষেই ঢাকা  
(২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

### বালোদা জিয়া (প্রথম পৃষ্ঠায় পর)

বিশ্ববিদ্যালয় খুলে দেয়া হবে। একটি শিক্ষা প্রতিষ্ঠান দীর্ঘদিন বন্ধ থাকলে হাজার হাজার ছাত্র-ছাত্রীর শিক্ষাজীবন বিনষ্ট হয়। গতকাল বৃহস্পতিবার দুপুরে ছাত্রদলের নবগঠিত কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির নেতৃবৃন্দ প্রধানমন্ত্রীর সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করতে গেলেন তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী ঢাকা বিশ্ববিদ্যালয়, বুয়েট, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বর্তমান অবস্থা সম্পর্কে বলেন, যোগ্য পানিতে মাছ শিকারের চেষ্টা করা হচ্ছে। ছাত্রদল নেতা-কর্মীদের এই পরিস্থিতি রাজনৈতিকভাবে মোকাবেলা করতে হবে। তিনি বলেন, ছাত্রদলে কোন সন্ত্রাসীর ঠাই নেই। কেউ যদি সন্ত্রাস করে এবং তা যদি প্রমাণিত হয় তবে দল থেকে বহিষ্কারই তখু নয়, তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।